



বিকেএসপি

সাপ্তাহিক তথ্য প্রবাহ

(৩১/০১/২০২৪ - ০৭/০২/২০২৪)

টেবিল টেনিস দলের সাথে মহাপরিচালক মহোদয়ের সৌজন্য সাক্ষাৎ

গত ০৪ ফেব্রুয়ারি বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি বাংলাদেশ টেবিল টেনিস ফেডারেশন কর্তৃক আয়োজিত প্রাইজ মানি ব্যাংকিং প্রতিযোগিতায় বিকেএসপির অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। বিকেএসপির ১০ম শ্রেণির ছাত্রী খই খই সাই মারমা বালিকা ও মহিলা এককে চ্যাম্পিয়ন হয়ে টুর্নামেন্টে চমক দেখান। খই খই সাই মারমা চ্যাম্পিয়ন হবার সুবাদে ফেডারেশন থেকে চ্যাম্পিয়ন ট্রফি ও ২০০০০ টাকার প্রাইজমানি লাভ করেন। অপর দিকে বালক এককে ১০ম শ্রেণির ছাত্র নাফিজ ইকবাল বালক এককে রানার আপ ট্রফি অর্জন করেন। মহাপরিচালক মহোদয় উদীয়মান খেলোয়াড়দ্বয়কে বিকেএসপির পক্ষ থেকে অভিনন্দন জানান এবং ১০,০০০/- ও ৫,০০০/- টাকার অর্থ পুরস্কার ঘোষণা করেন। মহাপরিচালক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী অপর খেলোয়াড়দের ভবিষ্যতে আরও ভালো খেলার পরামর্শ দেন।



কাবাডি টুর্নামেন্টে বিকেএসপি লাল দল চ্যাম্পিয়ন

গত ৩০-৩১ জানুয়ারি বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র চট্টগ্রামে বিকেএসপি আয়োজিত দু' দিন ব্যাপী ২য় বিকেএসপি কাপ কাবাডি (অ-১৭) বালক চ্যাম্পিয়নশিপ -২০২৪ এ বিকেএসপি লাল দল গোপালগঞ্জ কাবাডি ক্লাবকে ৩৯-১৭ ব্যবধানে পরাজিত করে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে। ফাইনালে চট্টগ্রামের বিভাগীয় কমিশনার জনাব মো: তোফায়েল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফাইনাল খেলা উপভোগ করেন এবং খেলা শেষে পুরস্কার বিতরণ করেন। টুর্নামেন্টে বিকেএসপির ২টি দল সহ মোট ১০টি দল অংশগ্রহণ করে। বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি ফাইনাল খেলার সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন।





পরিদর্শন

গত ০১ ফেব্রুয়ারি, মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি'র বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর পরিদর্শন করেন



পরিদর্শন

গত ৫ ফেব্রুয়ারি, ব্রিগেডিয়ারে জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি'র বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কক্সবাজার পরিদর্শন করেন



তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

গত ৬ ফেব্রুয়ারি, বিকেএসপি'র কর্মকর্তা-কর্মচারীদের তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার শুভ উদ্বোধন করেন ব্রি. জে. সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি



গত ৬ ফেব্রুয়ারি, বিকেএসপি পাবলিক স্কুল ও কলেজের বার্ষিক সাংস্কৃতিক ও পুরস্কার প্রদান অনুষ্ঠান-২০২৪ এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাপরিচালক ব্রি. জে. সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডসি, পিএসসি



গত ৬ ফেব্রুয়ারি, বিকেএসপি পাবলিক স্কুল ও কলেজের ২০২৪ সালের এসএসসি পরীক্ষার্থীদের বিদায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহাপরিচালক ব্রি. জে. সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডসি, পিএসসি

